ভোরের কাগজ
তারিখ 05 FEB 1998
পৃষ্ঠা 2 কলাম 6

বুয়েটে ভর্তি পরীক্ষা

# দুপক্ষই কিছুটা ছাড় দিতে রাজি

## শিক্ষকদের উদ্দেশে আজ ভাষণ দেবেন উপাচার্য

কাগজ প্রতিবেদক ঃ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা নিয়ে সৃষ্ট অচলাবস্থা নিরসনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং স্থাপত্য বিভাগের শিক্ষকরা উভয় পক্ষই কিছুটা ছাড় দিতে সম্মত হয়েছে বলে জানা গেছে।

বুয়েটের উপাচার্য প্রফেসর ইকবাল মাহমুদ গতকাল বুধবার স্থাপত্য বিভাগের সকল শিক্ষকের সঙ্গে বৈঠক করেছেন। ঐ বৈঠকে উভয় পক্ষই তাদের নিজ নিজ অবস্থান থেকে কিছুটা সরে দাঁড়ানোর মনোভাব ব্যক্ত করেছেন বলে সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে। বিষয়টি নিয়ে উপাচার্য আজ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষকদের উদ্দেশে বক্তব্য রাখবেন বলে জানা গেছে। সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের মূল মিলনায়তনে তিনি বক্তৃতা করবেন। তার ঐ বক্তৃতার পরই নির্ধারিত হবে যে স্থাপত্য বিভাগের শিক্ষকরা কর্মবিরতিতে যাবেন কিনা।

এদিকে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল জানানো হয় যে, ভর্তি সংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার কেবল একাডেমিক কাউন্সিলের। এক্ষেত্রে কোনো বিভাগের শিক্ষক বা ছাত্রছাত্রীদের সঙ্গে কর্তৃপক্ষ কখনো বিমাতা সুলভ আচরণ করেনি বা ভবিষ্যতেও করবে না।